



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ:

বিষয় : চাকুরী চ্যুতি প্রসঙ্গে ।

সূত্র : ক) ০২-০৭-২০১৫ তারিখের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ২/১ নং সিদ্ধান্ত ।

জনাব,


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আপনার কলেজের বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোহাঃ কামরুজ্জামানের বিরুদ্ধে গত ১২-০৫-২০১২ তারিখের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ২/৭ নং আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ।

“বাদী ও বিবাদী উপস্থিত ছিলেন । জনাব মোহাঃ কামরুজ্জামান, অধ্যক্ষ(সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে অনীত অভিযোগের মধ্যে অর্থ আত্মসাৎ ও অসাদাচরণ এর বিষয়টি প্রমাণিত হয়েছে । বিশেষ করে চাঁদা বই এর মাধ্যমে আদায়কৃত চাঁদার টাকার হিসাব যথাযথভাবে সংরক্ষণ না করা, বিজ্ঞানাগারের যন্ত্রপাতির ক্রয়ের প্রদত্ত রশিদের ফটোকপি ও মূল রশিদের সাথে অমিল ইত্যাদিতে আর্থিক দুর্নীতির ও সভাপতির নির্দেশ/পরামর্শ অমান্য করা ইত্যাদি বিষয়টি প্রমাণিত হওয়ায় গভর্নমেন্ট প্রিন্সিপালের মতামত সাপেক্ষে তাকে চূড়ান্ত বরখাস্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো” ।

(০২) ২৮-০৮-২০১২ তারিখের ক/অ/৬০৪ নং স্মারক পত্রটি মহামান্য হাইকোর্টের রীট পিটিশন -১৪৮১৭/১২ নং মোকদ্দমায় ২৬-১১-২০১৪ তারিখে মহামান্য হাইকোর্ট“Without lawful authority and of no legal effect and such those are rescinded”. এ মর্মে ঘোষণা করায় কুষ্টিয়া সিটি কলেজের সভাপতি মহোদয়ের ২১-০৪-২০১৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ০২-০৭-২০১৫ তারিখের ৫৭ তম আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ২/১ নং সিদ্ধান্ত মোতাবেক ২৮-০৮-২০১২ তারিখের ক/অ/৬০৪ নং স্মারক পত্রটি সংশোধন পূর্বক জনাব মোহাঃ কামরুজ্জামানকে চূড়ান্ত বরখাস্তের সিদ্ধান্ত অনুমোদিত হয় ।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন ও আদেশক্রমে পত্র প্রেরণ করা হল ।

প্রাপক : সভাপতি
কুষ্টিয়া সিটি কলেজ
কুষ্টিয়া ।



(অমল কুমার বিশ্বাস)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর ।
ফোন নং-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং- ক/অ/ ৫৬(০২)/২৪৩৪(৮)/৬

তারিখঃ ১৬/৭/১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া ।
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুষ্টিয়া ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর ।(ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৭। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কুষ্টিয়া সিটি কলেজ, কুষ্টিয়া ।
- ৮। অফিস নথি ।


(অমল কুমার বিশ্বাস)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর ।
